

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মান্দ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৮৬.০৮.১৬৮.১৯-৮৩

তারিখঃ ০৫ মাঘ ১৪২৬ ব.
১৯ জানুয়ারি ২০২০ খ্রি।

বিষয়ঃ রিট পিটিশন নং-১২০৬৯/২০১৯ মামলার বিষয়ে আইনানুগ পদক্ষেপ গ্রহণসহ গৃহীত ব্যবস্থা সম্পর্কে এ বিভাগকে অবহিতকরণ সংক্রান্ত।

সূত্রঃ মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত রিট পিটিশন নং- ১২০৬৯/২০১৯ মামলার বুলনিশি ও আর্জির কপি।


উপর্যুক্ত বিষয়ে সূত্রের মাধ্যমে মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত রিট পিটিশন নং- ১২০৬৯/২০১৯ মামলার বিবরণ নিম্নরূপ:

রিট পিটিশন নং	পিটিশনার	রেসপন্ডেন্ট	মামলা দায়েরের কারণ/বিষয়
১২০৬৯/২০১৯	জনাব মো: আনসারুল ইসলাম, পিতা- মৃত. মো: সানাউদ্দিন, গ্রাম- দফিন ধলগ্রাম, ডাকঘর- ধলগ্রাম, উপজেলা- কালীগঞ্জ, জেলা- লালমনিরহাট।	সচিব, শিক্ষা মন্ত্রণালয়, রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় ও আরো অন্যান্যসহ মোট ০৪ (চার) জন।	লালমনিরহাট জেলার কালিগঞ্জ উপজেলাধীন দলগ্রাম একরামিয়া ফাযিল মান্দ্রাসা'র গভর্ণিং বড়ির সভাপতি হিসেবে অতিরিক্ত জেলা প্রশাসক, লালমনিরহাট-কে মনোনয়ন দিয়ে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় হতে ০২/৫/২০১৯ তারিখে ইআবি/রেজি/প্রশা/ফা.গ.স/র-৬০/২০১৬/৮৩০৫ সংখ্যক স্মারকে (Annexure-G মূলে) পত্র জারি করা হয়। উক্ত স্মারকের বিরুদ্ধে সংকুচ হয়ে তাকে গভর্ণিং বড়ি সভাপতি পদে মনোনয়ন দেয়ার জন্য সংশ্লিষ্টদের প্রতি নির্দেশনা প্রদানের দাবীতে পিটিশনার জনাব মো: আনসারুল ইসলাম কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং- ১২০৬৯/২০১৯ মামলা দায়ের করা হয়।

০১। উল্লেখ্য গত ০৪/১১/২০১৯ তারিখে মাননীয় আদালত কর্তৃক শুনানী শেষে বর্নিত প্রতিষ্ঠানের গভর্ণিং বড়ির সভাপতি হিসেবে অতিরিক্ত জেলা
প্রশাসক, লালমনিরহাট-কে মনোনয়ন দিয়ে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় হতে ০২/৫/২০১৯ তারিখে ইআবি/রেজি/ প্রশা/ফা.গ.স/র-৬০/২০১৬/৮৩০৫
সংখ্যক স্মারকে জারীকৃত পত্রের কার্যক্রম কেন বেআইনী ঘোষণা করা হবে না; এবং পিটিশনারে-কে উক্ত প্রতিষ্ঠানের গভর্ণিং বড়ি সভাপতি পদে
মনোনয়ন প্রদানের জন্য কেন নির্দেশনা প্রদান করা হবে না; সে মর্মে ০২/১২/২০১৯ তারিখে অথবা উক্ত তারিখের পূর্বে কারণ দর্শানোর জন্য
প্রতিপক্ষগণের প্রতি নির্দেশনা প্রদান করা হয়।

০৩। ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় হতে জারীকৃত স্মারকের বিরুদ্ধে উক্ত রিট মামলার উক্তব হয়েছে বিধায় আলোচ্য মামলার বিষয়ে ইসলামি
আরবি বিশ্ববিদ্যালয় কর্তৃক সরকার পক্ষে জবাব দাখিলসহ মামলায় প্রতিদ্বন্দ্বিতা করার ব্যবস্থা গ্রহণক্রমে এ বিভাগকে অবহিত করা আবশ্যক।

০৪। এমতাবস্থায়, রিট পিটিশন নং-১২০৬৯/২০১৯ মামলায় মহামান্য হাইকোর্ট কর্তৃক ০৪/১১/২০১৯ তারিখে প্রদত্ত আদেশ অনুযায়ী সরকার
পক্ষে জবাব দাখিল করা হয়েছে কিনা হয়ে থাকলে এর হালনাগাদ তথ্যাদি না হয়ে থাকলে জরুরিভিত্তিতে সরকার পক্ষে মহামান্য হাইকোর্টে জবাব
দাখিলক্রমে গৃহীত ব্যবস্থার তথ্য আগামী ০৫/০২/২০২০ খ্রি: এর মধ্যে টিএমইডি-কে অবহিত (প্রমাণকসহ) করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে
অনুরোধ করা হলো।



(মো: আ: খালেক মিশ্রা) ১৫/১২/২০২০
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন-৮১০৫০১৫৭।

রেজিস্ট্রার
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
১২৪/২২, ব্লক-এ, রোড নং-০৩, পশ্চিম ধানমন্ডি মেইন রোড
বসিলা, মোহাম্মদপুর, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মান্দ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মান্দ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েভসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। অতিরিক্ত সচিব (মান্দ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মান্দ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ৪। অতিরিক্ত সচিব (অডিট ও আইন) / উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মান্দ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ৫। অফিস কপি/মাস্টার কপি।